গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

**"অধিকার, সমতা, ক্ষমতায়ন নারী ও কন্যার উন্নয়ন"**

**বিষয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের জুন/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী:-**

সভাপতি : জনাব মমতাজ আহমেদ, এনডিসি
সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
তারিখ ও সময় : ৩০/০৬/২০২৫ সোমবার, দুপুর ০৩:০০ ঘটিকা।
স্থান : বাংলাদেশ শিশু একাডেমির সভাকক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর মে/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় সংশোধনীসহ সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | সৃষ্টিশীল, নাগরিক-বান্ধব মানসিকতা নিয়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংস্কার পরিকল্পনা প্রণয়ন এবং একই সাথে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। | জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংস্কার পরিকল্পনা প্রণয়ন এবং স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন প্রতিবেদন প্রতিমাসে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগে গত ২১/০৬/২০২৫ তারিখে এ সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। প্রধান উপদেষ্টার কার্যালয় থেকে ২টি চিঠি পাওয়া গিয়েছে। উক্ত চিঠিতে আরো কিছু স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী সংস্কার কর্মসূচির বিষয়ে উল্লেখ রয়েছে। নারী সংস্কার কমিশনের সংস্কার প্রস্তাব/সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। তবে কোন রিপোর্ট পাওয়া যায়নি।<br><br>পূর্বের এবং নতুন সংস্কার কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য দপ্তর/সংস্থা/একাডেমির প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি গঠনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (i) সৃষ্টিশীল, নাগরিক-বান্ধব মানসিকতা নিয়ে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংস্কার পরিকল্পনা এবং একই সাথে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।<br><br>(ii) পূর্বের এবং নতুন সংস্কার কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য দপ্তর/সংস্থা/একাডেমির প্রতিনিধির সমন্বয়ে একটি কমিটি তৈরি করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম। |
| ২. | সমন্বয় সভা | (ক) মন্ত্রণালয়ের কয়েকটি অনুবিভাগের কর্মকর্তা পদায়ন না হওয়ায় অনুবিভাগ প্রধানের স্থলে অধিশাখা প্রধানগণ সভা করতে পারবেন কিনা জানতে চাওয়া হলে, আপাতত অনুবিভাগ প্রধানের পরিবর্তে অধিশাখা প্রধানগণ সমন্বয় সভার পূর্বে শাখার কর্মকর্তাদের নিয়ে সভা করবেন মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন। কোন সুপারিশ থাকলে তা সভায় কার্যপত্রে পয়েন্ট আকারে তুলে ধরার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়াও সভাপতি অনুবিভাগ/অধিশাখা প্রধানদের এই ধারা অব্যাহত রাখার জন্য নির্দেশনা দেন। | (ক) প্রতিমাসের সমন্বয় সভার পূর্বে অনুবিভাগ/অধিশাখা প্রধানগণকে তার অধীনস্থ শাখা/অধিশাখার কর্মকর্তাদের সাথে সভা করতে হবে এবং কোন সুপারিশ থাকলে তা পয়েন্ট আকারে মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | (ক) সকল অনুবিভাগ/অধিশাখা প্রধান, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (খ) (i) কার্যপত্র তৈরি করার জন্য প্রত্যেক শাখাকে সংশ্লিষ্ট কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি এবং দপ্তর/সংস্থা/একাডেমির সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সুনির্দিষ্ট তথ্য সমন্বয় শাখায় প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (খ) কার্যপত্র তৈরি করার জন্য প্রত্যেক শাখা হতে শাখা সংশ্লিষ্ট কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি এবং দপ্তর/সংস্থা/একাডেমির সিদ্ধান্তের বাস্তাবয়ন অগ্রগতি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | (খ) সকল কর্মকর্তা (মশিবিম), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ) ও নির্বাহী পরিচালক (জামস)। |
| ৩. | ডিজিটাল নথি ব্যবস্থাপনা | (ক) এ টু আই (a2i) থেকে প্রাপ্ত ড্যাশবোর্ড তথ্য অনুযায়ী -<br>• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়- ৯৩.৮৯%।<br>• মহিলা বিষয়ক অধিদপ্তরের ডি-নথি কার্যক্রমের শতকরা হার- ১০০%।<br>• বাংলাদেশ শিশু একাডেমি- ৯৭.৭৫%।<br>• জাতীয় মহিলা সংস্থা- ৯৮.৩২%।<br>• জয়িতা ফাউন্ডেশন- ৫৫.৯৩%<br>সকল শাখার ডি নথির কার্যক্রম ধারাবাহিকভাবে সভায় তুলে ধরা হয়। ডি-নথিতে মন্ত্রণালয়ের ২১টি শাখার মধ্যে প্রশিক্ষণ অধিশাখা, শিপ্রায ও মবিঅ-১ শাখার ডি-নথির কার্যক্রম অনেক কম হওয়ায় মন্ত্রণালয়ের ডি-নথির কার্যক্রম ৯৫% এর নিচে নেমে ৯৩.৮৯% হয়েছে। যে সকল শাখার কার্যক্রম কমপক্ষে ৯৫% এর কম সে সকল শাখাকে পরবর্তী মাসে কার্যক্রম বাড়ানোর জন্য এবং সকলকে আরো বেশি সচেতন হয়ে ডি-নথির কার্যক্রম ১০০% করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন সভাকে অবহিত করেন যে, জয়িতা ফাউন্ডেশনের সকল কার্যক্রম ডি-নথিতে করা হয়। তবে কারিগরি সমস্যার কারণে ডি-নথিতে ৭টি ফাইল নিষ্পত্তি করা যাচ্ছে না। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করার জন্য আইসিটি শাখাকে নির্দেশ দেয়া হয়েছে। | (ক) ডি-নথিতে নূন্যতম ৯৫% কার্যক্রম থাকতে হবে। ডি-নথির কার্যক্রম ৯৫% এর কম হলে মন্তব্যের কলামে ৯৫% এর কম হওয়ার কারণ উল্লেখ করতে হবে। | (ক) সকল কর্মকর্তা (মশিবিম), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ) ও নির্বাহী পরিচালক (জামস)। |
| | | (খ) সভাপতি মহিলা বিষয়ক অধিদপ্তরের ডি-নথির কার্যক্রম শতভাগ হওয়ায় ধন্যবাদ জানান। বাংলাদেশ শিশু একাডেমি ও জয়িতা ফাউন্ডেশনকে ডি-নথির কার্যক্রম বাড়ানোর জন্য এবং সকলকে ডি-নথিতে কার্যক্রম ৯৫% এবং পর্যায়ক্রমে ১০০% অর্জনে সচেষ্ট থাকতে সভাপতি নির্দেশনা দেন। | (খ) জাতীয় মহিলা সংস্থা, বাংলাদেশ শিশু একাডেমি ও জয়িতা ফাউন্ডেশন কে ডি-নথির কার্যক্রমে সক্রিয় হতে হবে। | (খ) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, মহাপরিচালক, বাশিএ, নির্বাহী পরিচালক, জামস। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (গ) সভাকে অবহিত করা হয় যে, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর অর্গানোগ্রাম এখনো অনুমোদন না হওয়ায় ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যক্রম ডি-নথিতে করা যাচ্ছে না। সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী এবং ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে দ্রুত কার্যক্রমটি সম্পন্ন করার জন্য নির্দেশনা দেন। | (গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যক্রম ডি-নথিতে অন্তর্ভূক্তির বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | (গ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, ও সংশ্লিষ্ট শাখা, মশিবিম। |
| ৪. | পরিদর্শন। | (ক) **শাখা/অধিশাখা পরিদর্শন:**<br>মে-২০২৫ মাসে-<br>• সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-২);<br>• সহকারী সচিব (সমন্বয়) সংশ্লিষ্ট শাখা পরিদর্শন করেন।<br><br>নিয়মিত নির্দিষ্ট সময় অন্তর শাখা/অধিশাখা পরিদর্শন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>যুগ্মসচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, উইং প্রধানগণ তাদের অধীনস্থ শাখা/অধিশাখা পরিদর্শন করতে পারে এবং অধিশাখা প্রধানগণও তাদের অধীনস্থ শাখা পরিদর্শন করতে পারে। শুধু সংখ্যা বাড়ানোর জন্য পরিদর্শন না করে পরিদর্শনের পরে সুপারিশ থাকা আবশ্যক।<br><br>শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ এবং মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ সমূহ একত্রিত করে বাস্তবায়নের জন্য প্রশাসন-১ শাখা থেকে নথি উপস্থাপন করতে হবে।<br>শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ এবং মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নে কার্যকরী ভূমিকা পালনে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>পরিদর্শন এর সকল প্রতিবেদন সমন্বয় সভার পূর্বে সিনিয়র সচিব মহোদয় এর নিকট উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়াও অন্তত ৩টি মন্ত্রণালয় কর্তৃক গড় ৩ মাসে কি পরিমাণ পরিদর্শন করা হয়েছে এবং প্রমাপ অনুযায়ী পরিদর্শন করা হয়েছে কিনা তা সিনিয়র সচিবকে অবহিত করার নির্দেশ দেন।<br>প্রত্যেক কর্মকর্তাকে নিজ দায়িত্বে নির্দিষ্ট সময় অন্তর তাদের শাখা/অধিশাখা পরিদর্শনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক) অধিশাখা ও শাখা প্রধানগণ সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুযায়ী নিয়মিত নির্দিষ্ট সময় অন্তর শাখা পরিদর্শন করবেন এবং শাখা পরিদর্শন শেষে প্রতিবেদন সিনিয়র সচিব ও অতিরিক্ত সচিব (প্রশাসন) বরাবর দাখিল করতে হবে। শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ এবং মাঠ পর্যায়ের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য প্রশাসন-১ শাখা থেকে নথি উপস্থাপন করতে হবে। সকল কর্মকর্তাকে অভ্যন্তরীণ পরিদর্শন বাড়াতে হবে এবং সিনিয়র সচিবকে পরিদর্শন প্রতিবেদন সম্পর্কে অবহিত করতে হবে। | (ক) সকল কর্মকর্তা (মশিবিম), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন)। |

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>APA সংক্রান্ত:<br><u>মাঠ পর্যায়ের পরিদর্শন:</u><br>(খ) (i) এপিএ তে অন্তর্ভুক্তির বিষয়ে মে-২০২৫ মাসে –<br>• উপসচিব (বাজেট, অডিট ও হিসাব)- ০৪টি;<br>• সিনিয়র সহকারী সচিব (শিশু সুরক্ষা)-০৫টি;<br>• সিনিয়র সহকারী সচিব (অডিট)-০২টি সরেজমিনে পরিদর্শন করেন।<br><br>পূর্বের ন্যায় APA প্রমাপ অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের জন্য মাঠ পর্যায়ের পরিদর্শন আরো বাড়াতে হবে। সভাপতি বলেন যে, স্ব-শরীরে পরিদর্শন করলে চোখে অনেক কিছু ধরা পড়ে ফলে পরিদর্শন কার্যক্রম সম্পূর্ণ হয়। কর্মকর্তাগণ যে মাসে পরিদর্শন করবেন সে মাসেই প্রতিবেদন দাখিলের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>(খ) (i) APA সংশ্লিষ্ট কার্যক্রমের মাঠপর্যায়ের পরিদর্শন প্রতিবেদন পরবর্তী ৭ কার্যদিবসের মধ্যে APA তে উল্লেখিত নির্ধারিত সূচক অনুযায়ী পৃথকভাবে APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা বরাবর ছক অনুযায়ী দাখিল এবং আইসিটি শাখায় অনুলিপি প্রেরণ করতে হবে। কর্মকর্তাগণ যে মাসে পরিদর্শন করবেন সে মাসেই প্রতিবেদন দাখিল করতে হবে এবং সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</td><td>(খ) (i) সকল কর্মকর্তা (মশিবিম), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন) ও ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর।</td></tr>
<tr><td></td><td></td><td>(খ) (ii) এপিএ ২০২৪-২৫ অনুযায়ী মোট লক্ষ্যমাত্রা, পরিদর্শনের সংখ্যার হিসাব:<br><table><tr><th>লক্ষ্যমাত্রা</th><th>এপ্রিল ২০২৫ মাসে পরিদর্শন</th><th>মে ২০২৫মাসে পরিদর্শন</th><th>সম্পাদিত মোট পরিদর্শনের সংখ্যা</th><th>ঘাটতি</th></tr><tr><td>৯৫টি</td><td>০০টি</td><td>১১টি</td><td>৩৯টি</td><td>৫৬টি</td></tr></table><br>মহিলা বিষয়ক অধিদপ্তরের কর্মকর্তাগণ ২৬টি এবং বাংলাদেশ শিশু একাডেমির কর্মকর্তাগণ ০১টি সরেজমিনে পরিদর্শন করেন।</td><td>(খ) (ii) APA কর্মপরিকল্পনা অনুযায়ী মোট পরিদর্শনের সংখ্যা, কতটি পরিদর্শন করা হয়েছে, কতটি ঘাটতি রয়েছে, কোন্ কর্মকর্তা কতটি পরিদর্শন করেছেন তা উল্লেখপূর্বক ছক আকারে তৈরি করে প্রতিবেদন প্রতি মাসে সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</td><td>(খ) (ii) APA টীম লীডার ও APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা</td></tr>
<tr><td></td><td></td><td>(খ) (iii) নতুন অর্থ বছরে নির্ধারিত প্রমাপ অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে সকল কর্মকর্তাকে পরিদর্শন সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। অর্থ বছর শেষ হয়েছে বিধায় সিদ্ধান্তটি বাস্তবায়িত হিসেবে গণ্য হয়।</td><td>(খ) (iii) প্রমাপ অনুযায়ী কোন কর্মকর্তার কয়টি পরিদর্শন করতে হবে সে লক্ষ্য পূরণ করে পরবর্তী সমন্বয় সভার পূর্বে সিনিয়র সচিবকে অবহিত করতে হবে এবং সকল কর্মকর্তাকে ঘাটতি পরিদর্শন এই অর্থবছরের মধ্যে সম্পন্ন করতে হবে।<br>(বাস্তবায়িত)</td><td>(খ) (iii) APA টীম লীডার ও APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সকল কর্মকর্তা ,মশিবিম।</td></tr>
<tr><td></td><td></td><td>(গ) সভাকে অবহিত করা হয় যে, দপ্তর/সংস্থা/একাডেমির মাঠ পর্যায়ের পরিদর্শন শেষে প্রতিবেদনের সুপারিশ সমূহ একত্রিত করে বাস্তবায়নের জন্য প্রশাসন-১ শাখা থেকে নথি উপস্থাপনের মাধ্যমে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।</td><td>(গ) দপ্তর/সংস্থা/ একাডেমির কর্মকর্তাগণ মাঠ পর্যায়ের পরিদর্শন কালে গুরুতর কোন অনিয়ম বা গুরুত্বপূর্ণ কোন</td><td>(গ) মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস)</td></tr>
</table>

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- | --- |
| | | দপ্তর/সংস্থা/একাডেমির কর্মকর্তাগণ মাঠ পর্যায়ের পরিদর্শনকালে গুরুতর কোন অনিয়ম নিজেরা সমাধান করতে না পারলে সেক্ষেত্রে মন্ত্রণালয়ের মাধ্যমে সম্পন্ন করবেন এবং অনিয়ম আছে বা নেই তা বিস্তারিত তুলে সংশ্লিষ্ট বিষয়ের উপর ফলোআপ করার জন্যও সভাপতি নির্দেশনা প্রদান করেন। | বিষয় পরিলক্ষিত হলে বিস্তারিত উল্লেখপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন) |
| ৫. | মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থা/একাডেমির অর্গানোগ্রাম সংক্রান্ত। | (ক) সভাকে অবহিত করা হয়েছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের অর্গানোগ্রামের বিষয়ে মবিঅ-১ শাখা হতে গত ১৫/০৯/২০২৪ তারিখে ২৮৪ স্মারক মূলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিত তথ্যাদি সংযুক্ত করে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br>সভাপতি এ সংক্রান্ত কার্যক্রম ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে দ্রুত নিষ্পত্তির বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | (ক) মহিলা বিষয়ক অধিদপ্তরের অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | (ক) মহাপরিচালক (মবিঅ), সংশ্লিষ্ট শাখা (মবিঅ-১), মশিবিম। |
| | | (খ) নির্বাহী পরিচালক জাতীয় মহিলা সংস্থা সভাকে অবহিত করেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গত ২৯/০৯/২০১১ তারিখ ২৬৯২টি (দুই হাজার ছয়শত বিরানব্বই) পদ শর্ত সাপেক্ষে রাজস্বখাতে সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়ার পর (কপি সংযুক্তি) অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ আবশ্যক। সেই আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের যুগ্মসচিব এর পরামর্শ অনুযায়ী উক্ত পদসমূহ অনুমোদনের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে। | (খ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী সাংগঠনিক কাঠামো ও অর্গানোগ্রাম প্রস্তুতপূর্বক জাতীয় মহিলা সংস্থাকে আগামী সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (খ) নির্বাহী পরিচালক (জামস), জামস শাখা, মশিবিম। |
| | | (গ) সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ শিশু একাডেমির অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামো সংশোধন/ পুনর্বিন্যাস এর কাজ চলমান রয়েছে। শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br>সভাপতি ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে বিষয়টি দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | (গ) বাংলাদেশ শিশু একাডেমির অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামো আগামী সমন্বয় সভার পূর্বে কার্যক্রম সম্পন্ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (গ) মহাপরিচালক (বাশিএ), শিশু শাখা, মশিবিম। |
| | | (ঘ) মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি ও জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধি সভাকে জানান যে, ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রেখে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। | (ঘ) দপ্তর/সংস্থা/ একাডেমির অর্গানোগ্রামের বিষয়ে দপ্তর/সংস্থা/একাডেমির প্রধান এবং অর্গানোগ্রামের সাথে যুক্ত শাখার কর্মকর্তা সমন্বয়ে গঠিত কমিটির কার্যক্রম চলমান থাকবে। | (ঘ) মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা সমূহ, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (ঙ) (i) সভাকে অবহিত করা হয়, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রকল্প থেকে আগত জনবলকে ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরে আত্তীকরণের কার্যক্রম চলমান রয়েছে। | (ঙ) (i) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের জনবল রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব (পদ সৃজন, সংরক্ষণ) প্রেরণ করতে হবে। | (ঙ) (i) পরিচালক, ডিএনএ অধিদপ্তর ও সংশ্লিষ্ট শাখা। |
| | | (ঙ) (ii) নাশিনিপ্র শাখার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধান উপদেষ্টা কর্তৃক সদয় অনুমোদনের জন্য সার-সংক্ষেপ প্রেরণ করা হলে এ বিষয়ে প্রধান উপদেষ্টার কার্যালয় হতে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়। এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে বিধায় বিষয়টি বাস্তাবায়িত হিসেবে গণ্য হয়। | (ঙ)(ii) ডিএনএ ল্যবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের জনবল রাজস্বখাতে স্থানান্তর সংক্রান্ত একটি সারমর্ম তৈরি করে প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রেরণ করতে হবে। **(বাস্তবায়িত)** | (ঙ)(ii) মহাপরিচালক, ডিএনএ অধিদপ্তর ও সংশ্লিষ্ট শাখা। |
| | | (চ) (i) মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমূহের যে সমস্ত জনবল রাজস্বখাতে স্থানান্তর করা হবে তাদের নাম, মেয়াদকাল, নিয়োগের সময়ে প্রদত্ত শর্ত ইত্যাদি উল্লেখপূর্বক একটি খসড়া তালিকা তৈরি করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছ। কার্যক্রম চলমান রয়েছে। | (চ) (i) মন্ত্রণালয়ের অধীন প্রকল্পসমূহের যে সমস্ত জনবল রাজস্বখাতে স্থানান্তর করা হবে তাদের নাম, মেয়াদকাল, নিয়োগের সময়ে প্রদত্ত শর্ত ইত্যাদি উল্লেখপূর্বক একটি তালিকা তৈরি করে সিনিয়র সচিব এঁর নিকট প্রেরণ করতে হবে। | (চ)(i) মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন) ও সংশ্লিষ্ট শাখা, মশিবিম। |
| | | (চ) (ii) মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত প্রকল্প সমূহ রাজস্ব খাতে অন্তর্ভুক্তির বিষয়ে একটি সারমর্ম তৈরি করে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে। | (চ) (ii) মন্ত্রণালয়ের অধীন প্রকল্প সমূহ রাজস্ব খাতে অন্তর্ভুক্তির একটি সারমর্ম তৈরি করে প্রধান উপদেষ্টার কার্যালয়ে প্রেরণ করতে হবে। | (চ)(ii) মহাপরিচাক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন) ও সংশ্লিষ্ট শাখা, মশিবিম। |
| ৬. | শূন্যপদে নিয়োগ | (ক) সভাকে অবহিত করা হয় যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের ১ম ও ২য় শ্রেণীর নিয়োগ কার্যক্রম পিএসসি'এর মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে কার্যক্রম প্রশাসন-১ শাখা হতে গ্রহণ করা হয়েছে।<br>সভাপতি এ পর্যন্ত বিগত সময়ে পিএসসি তে যেসকল কর্মকর্তার শূন্য পদের চাহিদা প্রেরণ করা হয়েছে তা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রেরণের কার্যক্রম গ্রহণ করার জন্য এবং সকল শূন্য পদে দ্রুত নিয়োগের ব্যবস্থা করতে নির্দেশনা প্রদান করেন। | (ক) মহিলা বিষয়ক অধিদপ্তরের শূন্যপদ নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। ১ম ও ২য় শ্রেণীর নিয়োগ কার্যক্রম পিএসসি'এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। এ পর্যন্ত বিগত সময়ে পিএসসি তে | (ক) মহাপরিচালক, (মবিঅ), মবিঅ-১ শাখা, প্রশাসন-১ শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | যেসকল কর্মকর্তার শূন্য পদের চাহিদা প্রেরণ করা হয়েছে তা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রেরণ করতে হবে। সকল শূন্য পদে দ্রুত নিয়োগের ব্যবস্থা করতে হবে। | |
| | | (খ) বাংলাদেশ শিশু একাডেমির প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, শূন্যপদের নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। | (খ) বাংলাদেশ শিশু একাডেমির শূন্যপদের নিয়োগ সংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | (খ) মহাপরিচালক, বাশিএ। |
| | | (গ) সভাকে অবহিত করা হয় যে, জাতীয় মহিলা সংস্থার নতুন সৃজিত পদসহ অফিস সহায়ক এর ১৬টি শূন্য পদে জনবলের পুন:নিয়োগের কার্যক্রম চলমান আছে। | (গ) জাতীয় মহিলা সংস্থার নতুন সৃজিত পদসহ অফিস সহায়ক এর ১৬টি শূন্য পদে জনবল নিয়োগের কার্যক্রম আগামী ০৩ (তিন) মাসের মধ্যে সম্পন্ন করতে হবে। | (গ) নির্বাহী পরিচালক (জামস), জামস শাখা, মশিবিম। |
| | | (ঘ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের বর্তমানে কোনো অনুমোদিত নিয়োগবিধি নেই। নিয়োগবিধি চূড়ান্তকরণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | (ঘ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের শূন্যপদে নিয়োগের বিষয়ে রাজস্বখাতে সৃজিত পদসমূহ দ্রুত পূরণের লক্ষ্যে নিয়োগবিধি আগামী ১৫ (পনেরো) দিনের মধ্যে চূড়ান্ত করতে হবে এবং নতুন পদ সৃজনের ক্ষেত্রে পদের নাম উল্লেখ করতে হবে। | (ঘ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর। |
| | | (ঙ) (i) মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা/একাডেমির যে কোন নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বে মাননীয় উপদেষ্টাকে অবহিত করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। | (ঙ)(i) মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থা/একাডেমির যে কোন নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বে সিনিয়র সচিবের মাধ্যমে মাননীয় উপদেষ্টাকে অবহিত করতে হবে। | (ঙ) (i) মহাপরিচাক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক, ডিএনএ। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (ঙ)(ii) কুড়ি লক্ষ টাকার উপরের ব্যয়ের কোন কার্যক্রম গ্রহণ করতে হলে সিনিয়র সচিবের মাধ্যমে মাননীয় উপদেষ্টাকে অবহিত করার নির্দেশনা দেয়া হয়। | (ঙ)(ii) কুড়ি লক্ষ টাকার উপরে ব্যয়ের কোন কার্যক্রম গ্রহণের পূর্বে সিনিয়র সচিবের মাধ্যমে মাননীয় উপদেষ্টাকে অবহিত করতে হবে। | (ঙ)(ii) মহাপরিচাক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক, ডিএনএ। |
| ৭. | APA বাস্তবায়ন | (ক) APA তে সূচকের লক্ষ্যমাত্রা ও অর্জনের জন্য APA পরিদর্শন ক্যালেন্ডার অনুযায়ী সকলকে পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখার জন্য এবং পরিদর্শন প্রতিবেদন যথাসময়ে দাখিল করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | APA তে সূচকের লক্ষ্যমাত্রা ও অর্জন নিয়ে APA টিম লিডারকে নিয়মিত সভা আহবান ও মনিটরিং করতে হবে। | APA টিম লিডার, সকল কর্মকর্তা, মশিবিম। |
| ৮. | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত মে/২০২৫ প্রতিবেদন ১৯/০৬/২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। মে/২০২৫ মাসে-<br>• মন্ত্রণালয়ে ১৮টি অভিযোগ পাওয়া গিয়েছে। নিষ্পত্তির হার ০%।<br>• মহিলা বিষয়ক অধিদপ্তরে মে/২০২৫ মাসে ২৬টি অভিযোগ পাওয়া গিয়েছে। মোট ২৬টি অভিযোগের মধ্যে ২১টি নিষ্পত্তি হয়েছে। ০৫টি অন্য দপ্তরে প্রেরণ করা হয়েছে। নিষ্পত্তির হার ১০০%।<br>• জাতীয় মহিলা সংস্থা হতে কোন অভিযোগ পাওয়া যায়নি। নিষ্পত্তির হার ১০০%।<br>• বাংলাদেশ শিশু একাডেমি ও জয়িতা ফাউন্ডেশন হতে কোন অভিযোগ পাওয়া যায়নি। | অনলাইন এবং অফলাইনের প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম। |
| ৯. | ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ভবন নির্মাণের জমি সংক্রান্ত | (ক) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, ভবন নির্মাণের জন্য জমি প্রাপ্তি নিয়ে সমস্যা রয়েছে। জেলা প্রশাসক, ঢাকার সাথে যোগাযোগ করা হয়েছে। ঢাকার পূর্বাচলে ৩০০ ফিটের কাছে জমি পাওয়া গিয়েছে যার দূরত্ব অনেক বেশি।<br><br>সভাকে জানানো হয় যে, ঢাকা বিভাগীয় কমিশনারের সাথে আলোচনা করে জানা যায় ঢাকার আগারগাঁও এ সরকারি দপ্তর স্থাপনার জন্য খালি জমি রয়েছে। সেখানে জমি বরাদ্দের জন্য গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা যায়। সভাপতি জমি বরাদ্দের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণের নির্দেশনা দেন। | (ক)(i)ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ভবন নির্মাণের জমির বিষয়ে ভূমি মন্ত্রণালয় কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত জেলা প্রশাসন, ঢাকাকে সরবরাহ করতে হবে এবং ভূমি মন্ত্রণালয় ও জেলা প্রশাসক, ঢাকার সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br><br>(ক) (ii) ঢাকার আগারগাঁও এ ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের জমি বরাদ্দের জন্য গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | (ক) (i) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা, মশিবিম।<br><br>(ক) (ii) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (খ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ঢাকা ডিসি অফিস থেকে হাত নকশা সংগ্রহ করা হয়েছে। সংগ্রহকৃত হাত নকশার উপর পরবর্তী কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | (খ) স্কেচ ম্যাপ প্রস্তুত ও ডিপিপি প্রস্তুতের জন্য কনসালটেন্ট নিয়োগ সংক্রান্ত প্রস্তাব অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে এবং পরবর্তী সমন্বয় সভায় ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের জমি এবং সকল বিষয়ের আপডেট তথ্য প্রেরণ করতে হবে। | (খ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা। |
| | | (গ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর সভাকে অবহিত করা হয় যে, অধিদপ্তর থেকে প্রদানকৃত ছকে প্রেরিত মুলতবী মামলাসমূহের সকল ডিএনএ রিপোর্ট প্রেরণ করা হয়েছে বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য হবে মর্মে সভায় নির্দেশনা দেয়া হয়। | (গ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর মুলতবী মামলাসমূহের সংখ্যা উল্লেখপূর্বক রিপোর্ট প্রেরণ করতে হবে। **(বাস্তবায়িত)** | (গ) মহাপরিচালক, ডিএনএ ল্যবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, নাশিনিপ্র শাখা, মশিবিম। |
| | | (ঘ) চট্টগ্রাম বিভাগের ডিএনএ ল্যাবরেটরি যদি অনুমতি ছাড়া করা হয়ে থাকে তাহলে সিআইডি কর্তৃক ডিএনএ ল্যাবরেটরিটি অত্র মন্ত্রণালয়ের অনুমতি নিয়ে করা হয়েছে কিনা সভাপতি তা জানতে চান এবং এ বিষয়ে কেন অনুমতি ছাড়া এই কার্যক্রম গ্রহণ করা হল তার ব্যাখ্যা চেয়ে পত্র প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন।<br>সভাকে অবহিত করা হয় যে, সিআইডি কর্তৃক চট্টগ্রাম ডিএনএ ল্যাবরেটরী স্থাপনের বিষয়ে অত্র অধিদপ্তর অবগত নয় এবং এই সংক্রান্ত কোনো পত্র পাওয়া যায়নি। | (ঘ) চট্টগ্রাম বিভাগের ডিএনএ ল্যাবরেটরি যদি অনুমতি ছাড়া করা হয়ে থাকে, কেন অনুমতি ছাড়া এই কার্যক্রম গ্রহণ করা হল তার ব্যাখ্যা চেয়ে জরুরীভাবে পত্র প্রেরণ করতে হবে। | (ঘ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, নাশিনিপ্র শাখা, মশিবিম। |
| ১০. | শিশু অধিদপ্তর গঠন | গত ০৯ অক্টোবর, ২০২৪ তারিখ বুধবার সকাল ১০:৩০ টা হতে দিনব্যাপী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় প্রস্তাবিত শিশু বিষয়ক অধিদপ্তর গঠনের বিষয়ে মন্ত্রণালয় ও স্টেকহোল্ডারদের সমন্বয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। স্টেকহোল্ডারদের নিকট হতে শিশু অধিদপ্তর গঠনের প্রতিবেদন পাওয়া গিয়েছে। খসড়া প্রতিবেদন চুড়ান্তকরণের কার্যক্রম চলমান রয়েছে।<br>মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি সভাকে অবহিত করেন যে, যেহেতু শিশু অধিদপ্তর গঠন সংক্রান্ত কার্যক্রম মন্ত্রণালয় সম্পাদন করছে সেহেতু সিদ্ধান্ত বাস্তবায়নকারী হিসেবে মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমিকে বাদ দেয়া যায়। সে প্রেক্ষিতে মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমিকে শিশু অধিদপ্তর গঠন সংক্রান্ত সিদ্ধান্ত বাস্তবায়নকারী হিসেবে না রাখার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | শিশু অধিদপ্তর গঠনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে এবং আরেকটি সভার মাধ্যমে যে সিদ্ধান্ত আসবে তা বাস্তবায়ন করতে হবে। | শিশু সুরক্ষা শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১. | জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এর (মধ্য ও দীর্ঘ মেয়াদি) সিদ্ধান্ত বাস্তবায়ন ও জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-২৩-এর (দীর্ঘমেয়াদি) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নাধীন/ অনিষ্পন্ন/বাস্তবায়ন অগ্রগতি | (ক) **জেলা প্রশাসক সম্মেলন-২০২৪ এর**<br>• ২টি মধ্যমেয়াদি;<br>• ১টি দীর্ঘমেয়াদি সিদ্ধান্তের কার্যক্রম চলমান রয়েছে।<br>**জেলা প্রশাসক সম্মেলন-২০১৯-২০২৩ এর**<br>• ৩টি দীর্ঘমেয়াদি সিদ্ধান্তের বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।<br>মন্ত্রিপরিষদ বিভাগের জেলাপ্রশাসক সম্মেলনের কার্যবিবরণীতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ১টি সিদ্ধান্ত বাস্তবায়িত ও ১টি সিদ্ধান্ত নিষ্পত্তি করা হয়েছে।<br>প্রতিমাসে মন্ত্রিপরিষদ বিভাগে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে (প্রতিবেদন সংযুক্ত)।<br><br>জেলা প্রশাসক সম্মেলন সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি দ্রুত বাস্তবায়ন/নিষ্পত্তির লক্ষ্যে মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমির প্রধান এবং শাখা সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে আগামী ০৩/০৭/২০২৫ তারিখ বৃহস্পতিবার একটি সভা আহবান করা হয়েছে। | (ক) জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এর (মধ্য ও দীর্ঘ মেয়াদি) সিদ্ধান্ত বাস্তবায়ন ও জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-২৩-এর (দীর্ঘমেয়াদি) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নাধীন/ অনিষ্পন্ন/বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করতে হবে। | (ক) মহাপরিচালক, মবিঅ ও মহাপরিচালক, বাশিএ। |
| | | (খ) মন্ত্রিপরিষদ বিভাগ হতে বিষয়টি নিষ্পত্তি করা হয়েছে। (কার্যবিবরণী সংযুক্ত) | (খ) ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (এডিপি) মহিলা বিষয়ক অধিদপ্তরের ০৭ টি প্রস্তাবিত প্রকল্প সংক্রান্ত সভা আহবান করতে হবে। | (খ) মহাপরিচালক, মবিঅ। |
| | | (গ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় যেহেতু মহিলাদের উন্নয়নে কাজ করে সেক্ষেত্রে শুধু আয় থেকে ব্যয় নয় অন্যভাবে ব্যয় নির্বাহের ব্যবস্থা করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়।<br>সভাপতি এ সংক্রান্ত বিষয়ে আলাদা সভা করে নিষ্পত্তি করার নির্দেশনা দেন। | (গ) মহিলা বিষয়ক অধিদপ্তরের আয় থেকে ব্যয় নির্বাহ করা হোস্টেল গুলোর রাজস্বখাতভূক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত একটি সারমর্ম তৈরি করে সরকারি কোষাগার থেকে অর্থ বরাদ্দের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | (গ) মহাপরিচালক, মবিঅ ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা। |
| ১২. | মন্ত্রণালয়ের সাথে দপ্তর/সংস্থার অনিষ্পন্ন (Pending) বিষয় সংক্রান্ত। | (ক) সচিবালয় নির্দেশাবলী-২০২৪ অনুযায়ী নিম্নোক্ত ছকে সুনির্দিষ্ট তথ্য উল্লেখপূর্বক প্রতিমাসের ১-৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব ও সমন্বয় শাখায় প্রেরণ করার জন্য সভাপতি মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা, দপ্তর/সংস্থা ও একাডেমিকে নির্দেশনা প্রদান করেন। | (ক) সচিবালয় নির্দেশাবলী-২০২৪ এর নির্ধারিত ছক অনুযায়ী সুনির্দিষ্ট তথ্য উল্লেখপূর্বক প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব বরাবর এবং অনুলিপি সমন্বয় শাখায় | (ক) সকল কর্মকর্তা, (মশিবিম), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) |

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>.............. মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণ
<table>
<tr><th rowspan="2">গত মাসের জের</th><th rowspan="2">আলোচ্য মাসে প্রাপ্তি</th><th rowspan="2">আলোচ্য মাসে নিষ্পত্তি</th><th colspan="4">মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশী নহে</th><th>দুই সপ্তাহের অধিক অথচ এক মাসের বেশি নহে</th><th>এক মাসের অধিক</th><th>মোট</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
কোন অনিষ্পন্ন বিষয় থাকলে তার সঠিক তথ্য উল্লেখ করার এবং আরো বিস্তারিত তথ্য তুলে ধরার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>প্রেরণ নিশ্চিত করতে হবে।</td><td>ও ব্যবস্থাপনা পরিচালক, (জয়িতা ফাউন্ডেশন), ও সমন্বয় শাখা (মশিবিম)।</td></tr>
<tr><td></td><td></td><td>(খ) (i) সভাকে অবহিত করা হয় যে, ১৪৩ জন জনবল নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ফরমেট অনুযায়ী তথ্য দেয়ার জন্য জয়িতা ফাউন্ডেশনকে পত্র প্রেরণ করা হয়।</td><td>(খ) (i) জয়িতা ফাউন্ডেশনের জনবলের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।</td><td>(খ) (i) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, মবিঅ-২ শাখা, মশিবিম।</td></tr>
<tr><td>১৩.</td><td>বিবিধ</td><td>(ক) সভাকে অবহিত করা হয় যে, ২৫টি ডে-কেয়ার সেন্টার পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহের মধ্যে অধিকাংশ সুপারিশ বাস্তবায়িত হয়েছে। যে সকল সুপারিশ এখনো বাস্তবায়িত হয়নি, তা দ্রুত বাস্তবায়নের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরকে গত ০১/০৬/২০২৫ তারিখে ১৬২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য হবে মর্মে সভায় নির্দেশনা দেয়া হয়।</td><td>(ক) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় ঢাকা জেলায় মোট ২৫টি ডে-কেয়ার সেন্টার পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহের উপর বাস্তবায়ন অগ্রগতি দ্রুত জানাতে হবে। (বাস্তবায়িত)</td><td>(ক) মহাপরিচালক, মবিঅ, মবিঅ-২ শাখা, মশিবিম।</td></tr>
<tr><td></td><td></td><td>(খ) গত জানুয়ারি ও সমন্বয় সভা অনুষ্ঠানের পূর্ব পর্যন্ত যে সকল কর্মকর্তা বিভিন্ন সভা ও সেমিনারে যোগদান করেছেন তাদের মধ্য হতে জনাব মো: ফিরোজ উদ্দিন খলিফা, যুগ্মসচিব (প্রশাসন) গত ০২-০৪ জুন ২০২৫ তারিখে ব্যাংকক, থাইল্যান্ডে অনুষ্ঠিত “TA 10127-REG: Regional Meeting on Raising Heat, Raising Action: Solutions for Women in a Warming World" এবং জনাব সারাওয়াত মেহজাবীন, সিনিয়র সহকারি সচিব (শিশু সুরক্ষা), গত ০১-১৪ নভেম্বর ২০২৪ তারিখে চায়নায় অনুষ্ঠিত “Seminar on Poverty Elimination and Rural Revitalization for Indian Ocean Rim Countries” প্রশিক্ষণের উপর Power Point –এ প্রতিবেদন উপস্থাপন করেন।<br>সভাপতি মহোদয় উভয় কর্মকর্তাকে ধন্যবাদ জানান।</td><td>(খ) গত জানুয়ারি ও সমন্বয় সভা অনুষ্ঠানের পূর্ব পর্যন্ত যে সকল কর্মকর্তা বিভিন্ন সভা ও সেমিনারে যোগদান করেছেন তার বর্ণনা, তারিখসহ একটি ছোট প্রতিবেদন উপস্থাপন করবেন। প্রতি সভায় দুজন কর্মকর্তা বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রতিবেদন Power Point সহ উপস্থাপন করবেন।</td><td>(খ) সকল কর্মকর্তা, মশিবিম ও প্রশাসন-১ শাখা, মশিবিম।</td></tr>
<tr><td></td><td></td><td>(গ) (i) সভাকে অবহিত করা হয় যে, পিঠা উৎসবের ব্যয়ের হিসাব যাচাই বাছাইপূর্বক গত ১৯/০৬/২০২৫ তারিখে বাজেট শাখার ২২৫ নং স্মারকমূলে ১০,০১,৬৪৫/- (দশ লক্ষ এক হাজার ছয়শত পঁয়তাল্লিশ) টাকা ব্যয়ের মঞ্জুরি দিয়ে চিফ একাউন্টস্</td><td>(গ)(i) তারুণ্যের উৎসবের অংশ হিসেবে অনুষ্ঠিত পিঠা উৎসবের ব্যয়ের সকল খাত ওয়ারি হিসাব ও ব্যয় বিভাজনসহ</td><td>(গ) (i) যুগ্মসচিব (বাজেট) ও উপসচিব (বাজেট ও হিসাব) শাখা, মশিবিম।</td></tr>
</table>

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | এন্ড ফিন্যান্স আফিসারের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে মর্মে বিষয়টি বাস্তবায়িত বলে গণ্য হবে। | সংশ্লিষ্ট সকল কাজ দ্রুততার সাথে সম্পন্ন করতে হবে। **(বাস্তবায়িত)** | |
| | | (গ)(ii) বাজেট শাখার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, অনুষ্ঠান ও উৎসবাদি খাতে বাজেট রাখা হয়েছে বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য হয়। | (গ)(ii) তারুণ্যের গিঠা উৎসবে যে অর্থ ব্যয় করতে হবে তার জন্য অর্থ বরাদ্দ পাওয়া হয়েছে কিনা সে বিষয়ে সিনিয়র সচিবকে অবহিত করতে হবে। **(বাস্তবায়িত)** | (গ)(ii) যুগ্মসচিব (বাজেট) ও উপসচিব (বাজেট ও হিসাব) শাখা, মশিবিম। |
| | | (ঘ) নাশিনিপ্র শাখা হতে জানানো হয়েছে যে, মে/২০২৫ মাসে মোট নারী ও শিশু নির্যাতনের শিকার হয়েছেন ১৫৯ জন। যেখানে যৌন ও মানসিক নির্যাতনের শিকার হয়েছেন ৭৭ জন (যাদের মধ্যে শিশু ৫৭ জন এবং নারী ২০ জন); শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হয়েছেন ৭১ জন (শিশু ০৪ জন, নারী ৬৭ জন) এবং অন্যান্য নির্যাতনের শিকার হয়েছেন ১১ জন (শিশু ০৪ জন, নারী ০৭ জন)। এছাড়াও প্রতিদিন নারী ও শিশু নির্যাতন বিষয়ে প্রতিবেদন মাননীয় উপদেষ্টার নিকট প্রেরণ করা হয়। | (ঘ) নারী ও শিশুর প্রতি সহিংসতার উপর রিপোর্ট প্রস্তুত ও এ সংক্রান্ত অগ্রগতি মাননীয় উপদেষ্টাকে অবগত করতে হবে। | (ঘ) নাশিনিপ্র শাখা, মশিবিম। |
| | | (ঙ) মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/একাডেমির মালিকানাধীন জমির ভূমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত বিবরণী সংগ্রহপূর্বক প্রাপ্ত তথ্যের আলোকে প্রশাসন-১ শাখায় কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি সকল দপ্তর/সংস্থা/একাডেমিকে ভূমি উন্নয়ন কর/পৌর কর, গ্যাস বিল, বিদ্যুৎ বিল ইত্যাদি দ্রুত পরিশোধের জন্য নির্দেশ দেন। | (ঙ) মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট দপ্তর সংস্থা একাডেমির অধীনে যে পরিমাণ মালিকানাধীন জমি রয়েছে তার ভূমি উন্নয়ন কর সংগ্রহসহ একটি বিবরণী তৈরি করে সিনিয়র সচিবকে অবহিত করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে পৌরকর, গ্যাস বিল, বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে। | (ঙ) মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক, (জয়িতা ফাউন্ডেশন), ও মহাপরিচালক, ডিএনএ এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা। |
| | | (চ) জয়িতা ফাউন্ডেশনের প্রতিনিধি সভাকে জানান যে, আপীল বিভাগে দায়েরকৃত আপীল মহামান্য আদালতে গৃহীত হয়নি। মহামান্য আদালত মামলাটির বিষয়ে আর কোনও আনুষ্ঠানিক আদেশ প্রয়োজন নেই মর্মে No Order জারি করেন। জয়িতা গভর্নিং বডির সভা প্রস্তুতির কার্যক্রম চলছে।<br><br>হাইকোর্টের মামলাটিতে ব্যক্তিগত যোগাযোগ রাখার জন্য সভাপতি দায়িত্বপ্রাপ্ত মহাপরিচালককে ধন্যবাদ জানান। | (চ) এ বিষয়ে অনতিবিলম্বে জয়িতা গভর্নিং বডির একটি সভা আহবান করতে হবে। | (চ) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন ও সংশ্লিষ্ট কর্মকর্তা। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (ছ) এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন হয়েছে বিধায় বিষয়টি বাস্তবয়িত হিসেবে গণ্য হয়। | (ছ) প্রকল্পসহ এই মন্ত্রণালয় কর্তৃক যেসকল সেবাসমূহ প্রদান করা হয় তার তালিকা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে সিনিয়র সচিব বরাবর প্রেরণ করতে হবে। **(বাস্তবায়িত)** | (ছ) উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান অনুবিভাগ, উন্নয়ন-১,২ শাখা, মশিবিম। |
| | | (জ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা/একাডেমি কর্তৃক আয়োজিত যে কোন দিবস/অনুষ্ঠানের অনুষ্ঠানসূচি ও অনুষ্ঠানের সামগ্রিক বিষয় এবং অতিথি হিসেবে কাদের আমন্ত্রণ জানানো হচ্ছে এবং কার মাধ্যমে জানানো হচ্ছে সে বিষয়ে সিনিয়র সচিবকে অবহিত করা হচ্ছে বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য হয়। | (জ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থা/একাডেমি কর্তৃক আয়োজিত যে কোন দিবস/অনুষ্ঠানের অনুষ্ঠানসূচি ও অনুষ্ঠানের সামগ্রিক বিষয় এবং অতিথি হিসেবে কাদের আমন্ত্রণ জানানো হচ্ছে এবং কার মাধ্যমে জানানো হচ্ছে সে বিষয়ে সিনিয়র সচিবকে অবহিত করতে হবে। **(বাস্তবায়িত)** | (জ) মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস), ব্যবস্থাপনা পরিচালক, (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক, ডিএনএ এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা সমূহ। |

১৪। যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) সভাকে অবহিত করেন যে, মে/২০২৫ মাসের কার্যবিবরণী অনুযায়ী ০৮টি সিদ্ধান্ত বাস্তবায়িত ও ৩২টি সিদ্ধান্ত আংশিক বাস্তবায়িত হয়েছে।

১৫। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

07/07/2025

(মমতাজ আহমেদ, এনডিসি)
সিনিয়র সচিব